

আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
(www.ashrayanpmo.gov.bd)



স্মারক নং- ০৩.০২.০০০০.৭০২.১৪.০৬৬৭.২০১৩-৪২


তারিখঃ ২৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠানের অনুসরণীয় বিষয়াবলী

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিব শতবর্ষে “বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না”- মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ “ক” শ্রেণির পরিবার পুনর্বাসন কার্যক্রম শুরু হয়েছে। প্রথম পর্যায়ে ৬৫,৭২৬টি পরিবারের গৃহ নির্মাণ কাজ সারাদেশব্যাপী চলমান আছে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২০ জানুয়ারি ২০২১ তারিখ, বুধবার উপকারভোগী পরিবারের নিকট উক্ত গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠানের জন্য অনুসরণীয় বিষয়াবলী নিম্নরূপ:

- ১। মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে উক্ত গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন। সকল জেলা প্রশাসকগণ তাঁর দপ্তর হতে এবং উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা পরিষদ মিলনায়তন থেকে ভিডিও কনফারেন্সে সংযুক্ত থাকবেন।
- ২। নিজ নিজ জেলার মাননীয় মন্ত্রী/ প্রতিনিধি/ উপমন্ত্রী/ সংসদ সদস্যসহ স্থানীয় জনপ্রতিনিধি/রাজনৈতিক নেতৃবৃন্দ/ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সরকারি কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৩। উদ্বোধনের ২ দিন পূর্বে স্থানীয় ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দের সাথে মতবিনিময় এবং প্রেস ব্রিফিং করে বিষয়টি গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।
- ৪। আগামী ১৫/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে উপকারভোগীগণের নিকট নির্মিত ঘরসমূহ বুঝিয়ে দিতে হবে। ঘরসমূহ বুঝিয়ে দেওয়ার পাশাপাশি অত্র কার্যালয় হতে প্রদত্ত নমুনা মোতাবেক কবুলিয়ত দলিল সম্পাদন, নামজারি সম্পন্ন ও গৃহ প্রদানের সার্টিফিকেট প্রস্তুত করে প্রতিটি ঘরের জন্য পৃথক পৃথক ফোল্ডার তৈরি করে হস্তান্তরের জন্য প্রস্তুত রাখতে হবে।
- ৫। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সরবরাহকৃত নমুনা অনুযায়ী ব্যানার-ফেস্টুন প্রস্তুত করতে হবে।
- ৬। সকল উপকারভোগীর তথ্য সংশোধিত ছক (সংযুক্ত)মোতাবেক আগামী ০৯/০১/২০২১ খ্রি. তারিখ (শনিবার) বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে (ashrayanpmo@gmail.com ই-মেইলে) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
- ৭। অনুষ্ঠানে উপস্থিত সকলকে মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে।

সংযুক্তঃ উপকারভোগীর তথ্য প্রেরণের ছক।


মোঃ মাহবুব হোসেন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৪৮১১২৬১৮

মোবাইলঃ ০১৭১১৫৬৪৬৬৬

ই-মেইল :ashrayanpmo@gmail.com

জেলা প্রশাসক

..... (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/ সচিব,, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, (সকল)।
৪. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, (সকল)।
৬. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
৭. সহকারী কমিশনার(ভূমি)..... (সকল)।
৮. অফিস কপি।

জেলাঃ.....

উপজেলাঃ

ক্রঃ নং	উপকারভোগীর নাম (স্বামী ও স্ত্রী উভয়ের)	জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর (যে কোন একজনের)	ঠিকানা (গ্রাম/ওয়ার্ড/ ইউনিয়ন)	পেশা ও মাসিক আয় (যে কোন একজনের)	ছবি (স্বামী ও স্ত্রী উভয়ের)
১	২	৩	৪	৫	৬

উপজেলা নির্বাহী অফিসারের নামঃ

পরিচিতি নম্বরঃ

মোবাইল নম্বরঃ

উপজেলাঃ

জেলাঃ

বিঃ দ্রঃ

- উপকারভোগীর ক্ষেত্রে স্বামী ও স্ত্রী দুই জনেরই নাম থাকতে হবে।
- যে কোন একজন মৃত হলে একক নাম থাকবে।
- বিশেষ ক্ষেত্র ছাড়া দুই জনেরই ছবি দিতে হবে।